রঘুনাথগঞ্জ শাখায়

মাত্র ৭৫৲ টাকায় রেডিও

বাকী টাকা কিস্তিতে দেয়

ইলেকট্রনিকের সকল রকম

ট্রানজিষ্টার রেডিওতে নগদ ক্রেতাদের

বিশেষ কনসেসন

ধনরাজ পিপাড়া

রঘুনাথগঞ্জ (সদরঘাটী), মুর্শিদাবাদ

Registered

No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৬ই ফাল্গুন বুধবার, ১৩৭৩ ইং 1st. Mar. 1967 { ৩৬শ সংখ্যা



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ১৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ

• সম্পূর্ণ নিরাপদ।



খাস জনতা

কেরোসিন কুকার

দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ প্রাইভেট লিঃ

খেলা ঘর

স্কুল কলেজের নানাপ্রকার খেলাধুলার সরঞ্জাম,

সর্ব্বপ্রকার প্রসাধন সামগ্রী ও চা বিস্কুট পাইবেন।

পরীক্ষা প্রার্থনীয়।

কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর

রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ

স্টুডেন্টস ফেভারিট

স্কুল, কলেজ ও পাঠাগারের

মনের মত ভাল বই

সবচেয়ে সুবিধায় কিনুন।

STUDENTS' FAVOURITE

Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৬ই ফাল্গুন বুধবার সন ১৩৭৩ সাল।

## বাঙ্গালী ভক্তের হিন্দীভাষী গুরু

—০—

এক পণ্ডিতজী আমাদের মতই "পণ্ডিত" উপাধি বংশানুক্রমে পাইয়া বিদ্যাশূন্য ভট্টাচার্য্যের মত "পণ্ডিত" নামে অভিহিত হইয়া আসিতেছেন। সত্য সত্যই যাঁহারা পণ্ডিত তাঁহারাই বলিয়াছেন—

"উপাধির্ব্যাধিবত্তস্য
যস্য বিদ্যা ন বিদ্যতে।"

পণ্ডিতজী হিন্দী ভাষায় কথাবার্ত্তা বলেন, যাহারা হিন্দী ভাষা জানে না বা বোঝে না তাহারাও পণ্ডিতজীর দিগ্বিজয়ী নাম শুনিয়া তাঁহার শিষ্যত্ব গ্রহণ করিয়াছে। একদিন কতকগুলি বাঙালী শিষ্য একটি সংস্কৃত পুস্তকে দেখিয়াছে—"রামঃ বচনং অব্রবীৎ" তাহারা সংস্কৃত ভাষাও জানে না। বাক্যটির মানে কি গুরু মহারাজ পণ্ডিতজীর কাছে বুঝাইয়া লইতে হইবে—স্থির করিল।

পণ্ডিতজী বাংলা মুলুকে আসিয়া এই সব শিষ্যদের দর্শন দান করিলেন। নিরক্ষর শিষ্যগণ পণ্ডিতজী যা বলেন তাই বেদ বাক্য বলিয়া মনে করে। কোন তর্ক বা আপত্তি করে না। একজন বাংলা জানা শিষ্যকে অগ্রণী করিয়া পণ্ডিতজীর নিকটে তাহাদের পুস্তকখানি লইয়া গিয়া

### 'রামঃ বচনং অব্রবীৎ'

বাক্যটির অর্থ জানিতে চাহিল। পণ্ডিতজী বাংলা জানেন না, তবুও বাক্যটি দেখিয়া বলিলেন—ইয়ে বহুৎ সিধা বাৎ হায়। তোম্ লোগ্ সমঝ্তে নেহি। হাম বহুৎ সহজ করকে সমঝাদেতে হেঁ। 'রাম' সব কোই জানতা হায়—দশরথ মহারাজকা বড়া লেড়কা হায়। সমঝা? সকলেই সম্মতিসূচক মস্তক সঞ্চালন করিল। পণ্ডিতজী বলিলেন—পরায়কা শব্দ "বচনম্" হায়? আচ্ছা সব কোই জানো যাঁহা রাম হায় তাঁহা লছমন কো রহনা চাহি। সকলে "জি মহারাজ" বলিয়া উঠিল। "বচনম্" মানে লছমন, "অব্রবী" ক্যা হায় শুনো—যাঁহা রাম হায়, লছমন হায়, তাঁহা সীতামায়ী জরুর রহেঙ্গী। রাম লছমন সীতা এহি তিন মূরত বিরাজ করতা হায়। একজন বঙ্গাক্ষর জানা ভক্ত জিজ্ঞাসা করিল—রামঃ বচনং অব্রবীৎ

মহারাজ একটা অক্ষর এখনও বাকি আছে "ৎ" এটার মানে কি? পণ্ডিতজী উপস্থিত বুদ্ধির জাহাজ তিনি "ৎ" হসন্ত ত অক্ষরটির আকার দেখিয়াই হাসিয়া উঠিলেন। ভক্তদের সবকে কাছে ডাকিয়া অক্ষরটির চেহারা ৎ দেখাইয়া বলিলেন—এহি অচ্ছর্ ঠিক মহাবীর হনুমানজীকা লাঙ্গুল হায় তব পুরা চার মূরত হো গিয়া—রাম লছমন সীতা ঔর হনুমানজী। ভক্তের দল ব্যাখ্যা শুনিয়া মুগ্ধ হইয়া উঠিল। অধিকাংশ তীর্থে তীর্থগুরুরা হিন্দী-ভাষী। বহু অভাব, বহু অসুবিধায়, ভারত আজ বিপন্ন।

---

## বর্ত্তমান নির্ব্বাচনে নির্ব্বাচিত

মুর্শিদাবাদ জেলায় নিম্নের ভদ্র মহোদয়গণ লোক সভায় নির্ব্বাচিত হইয়াছেন।

বহরমপুর লোকসভা—শ্রীত্রিদিব চৌধুরী
মুর্শিদাবাদ লোকসভা—শ্রীসৈয়দ বদরুদ্দোজা
জঙ্গিপুর লোকসভা—শ্রীলুৎফল হক (হাজী)

বিধান সভায় নির্ব্বাচিত

জঙ্গিপুর মহকুমার চারিটী নির্ব্বাচন ক্ষেত্র হইতে নিম্নের ভদ্রমহোদয়গণ বিধান সভার সভ্য নির্ব্বাচিত হইয়াছেন।

ফরাক্কা—শ্রীটি, এ, হুররবী
সুতী—শ্রীশিস্ মহম্মদ
জঙ্গিপুর—শ্রীআবদুল হক
সাগরদীঘি—শ্রীঅম্বিকাচরণ দাস

---

## নির্ব্বাচন অন্তে

—•—

চতুর্থ সাধারণ নির্ব্বাচন সমাপ্ত। সারা ভারতবর্ষের চিত্র যদি সামগ্রিক বিচার করা যায় তাহা হইলে দেখা যাইবে যে স্বাধীনতার পর হইতে সমগ্র ভারতে ও ভারত-ইউনিয়নভুক্ত বিভিন্ন রাজ্য-সমূহে কংগ্রেস দলের যে শাসন বিরাজ করিতেছিল তাহা এই নির্ব্বাচনে বহুলাংশে আঘাতপ্রাপ্ত হইয়াছে ও দীর্ঘ বিশ বৎসরের শাসকদলের গৌরবকে ম্লান করিয়াছে। যদিও কেন্দ্রে ও আটটি রাজ্যে কংগ্রেস সংখ্যাগরিষ্ঠ দল হিসাবে আখ্যাত হইয়াছে তবুও সে সংখ্যাগরিষ্ঠতা সাবলীল সংখ্যাগরিষ্ঠতা বলিয়া অনুভূত হয় না। একথা সামগ্রিক বিচারে স্বীকার না করিয়া উপায় নাই যে কংগ্রেস শাসনে মানুষ একটা বিরক্তির যেন বহিঃপ্রকাশ ঘটাইয়াছে। আমাদের পশ্চিমবঙ্গ রাজ্যে নির্ব্বাচনের ফলাফল যাহা হইয়াছে তাহাও বিচিত্র কেননা নির্ব্বাচক-মণ্ডলী কংগ্রেসের পরিবর্ত্তে কাহাকেও একক গদী-নশীন করিতে সক্ষম হন নাই। কোন দল বা ফ্রন্টই নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জ্জন করিতে সক্ষম হন নাই।

---

## রঘুনাথগঞ্জ শিক্ষক ক্রেতা সমবায় বিপনণ সমিতি

--০—

উক্ত সমিতির ২৬-২-৬৭ তারিখের সাধারণ সভার অধিবেশনে নিম্নলিখিত সভ্যগণ কার্যকরী সমিতির সভ্য ও কর্মকর্তা নির্বাচিত হইয়াছেন :—

শ্রীঅবনীকুমার রায়, সভাপতি। শ্রীজগদ্বন্ধু বিশ্বাস, শ্রীদেবেন্দ্রচন্দ্র রায়, সহ-সভাপতি। শ্রীবিশ্বেশ্বর চক্রবর্ত্তী, সম্পাদক। শ্রীরমাপতি মণ্ডল, সহ-সম্পাদক শ্রীবিশ্বপতি চট্টোপাধ্যায়, কোষাধ্যক্ষ। শ্রীনিরঞ্জন দাস, শ্রীবিশ্বনাথ সাহা, শ্রীঅশোককুমার রায়, শ্রীমোহনবাঁশী হালদার, শ্রীরজতকুমার সরকার, শ্রীআদিনাথ চট্টোপাধ্যায়, শ্রীদেবব্রত মজুমদার, শ্রীজ্যোৎস্না বন্দ্যোপাধ্যায়, শ্রীশিবরাম সাহা, কার্যকরী সমিতির সভ্য।

## আমাদের ত্রুটি

অনিবার্য্য কারণে আমরা গত ৯ই ফাল্গুন তারিখের "জঙ্গিপুর সংবাদ" প্রকাশ করিতে সক্ষম হই নাই। তজ্জন্য ক্ষমা করিবেন।

## জননেতা
## ত্রিদিব চৌধুরী পুনর্নির্ব্বাচিত

বহরমপুর লোকসভা কেন্দ্রে লোকসভা সদস্য শ্রীত্রিদিব চৌধুরী পুনরায় নির্ব্বাচিত হয়েছেন। এবার নিয়ে পর পর চারবারই তিনি এই কেন্দ্র থেকে নির্ব্বাচিত হইলেন। কংগ্রেস দল এবার তাঁকে পরাস্ত করার জন্য বিপুল শক্তি নিয়ে অবতীর্ণ হয়েছিলেন। ফলে শ্রীচৌধুরীর সমর্থকদের মধ্যে কিছু সংখ্যক ব্যক্তির কিছুটা সন্দেহ দেখা দিয়েছিল। সেই সন্দেহ আরও ঘনীভূত হয় কান্দী কেন্দ্রের ভোট গণনা কালে। ফলে অগণিত সাধারণ মানুষ আহার নিদ্রা ভুলে উদ্বেগকুল, উৎকণ্ঠাময় অবস্থায় বাকী অন্য কেন্দ্রের ফলাফল জানবার জন্য ব্যস্ত হয়ে উঠে। গভীর রাতে বহরমপুর কালেক্টরেট ও কান্দী হ্যালিফক্স হলের সামনে ভোট গণনা শেষ করে যখন শ্রীচৌধুরীর জয়লাভ ঘোষিত হল তখন হাজার হাজার জনতা উল্লাসে ফেটে পড়ে।

## বার্ষিক খেলাধুলা

বিগত ৮ই ফেব্রুয়ারী বুধবার জঙ্গিপুর ফৌজদারী আদালত প্রাঙ্গণে জঙ্গিপুর মিউনিসিপ্যাল বয়েজ ফ্রি-প্রাইমারী (রঘুনাথগঞ্জ পাঠশালার) বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হইয়াছে। উক্ত অনুষ্ঠানে জঙ্গিপুরের পৌরপতি শ্রীপ্রাণগোপাল চট্টোপাধ্যায় মহাশয় ও রঘুনাথগঞ্জের অবর পরিদর্শক শ্রীহৃষীকেশ ঘোষ মহাশয় যথাক্রমে সভাপতি ও প্রধান অতিথির আসন গ্রহণ করেন।

গত ২৫শে ফেব্রুয়ারী শনিবার জঙ্গিপুর মহাবিদ্যালয়ের বাৎসরিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হইয়াছে।

গত ২৬শে ফেব্রুয়ারী রবিবার রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের বাৎসরিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হইয়াছে।

## জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্রের মালিকানা ও অন্যান্য বিষয়ের বিবরণ।

৪নং ফরম (রুল ৮ দ্রষ্টব্য)

১। যে স্থান হইতে প্রকাশিত হয়—"জঙ্গিপুর সংবাদ" কার্য্যালয়, পণ্ডিত-প্রেস, চাউলপটী, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ (পঃ বঙ্গ)

২। প্রকাশের সময়-ব্যবধান—সাপ্তাহিক

৩, ৪, ৫। মুদ্রাকর, প্রকাশক ও সম্পাদকের
নাম—শ্রীবিনয়কুমার পণ্ডিত
জাতি—ভারতীয় নাগরিক
বাসস্থান—চাউলপটী, পোঃ রঘুনাথগঞ্জ
জেলা মুর্শিদাবাদ (পঃ বঙ্গ)

৬। এই সংবাদ-পত্রের স্বত্বাধিকারী অথবা যে সকল অংশীদার মূলধনের এক শতাংশের অধিক অংশের অধিকারী তাঁহাদের নাম ও ঠিকানা—

স্বত্বাধিকারী—শ্রীশরৎচন্দ্র পণ্ডিত,
পণ্ডিত-প্রেস, চাউলপটী, পোঃ রঘুনাথগঞ্জ
জেলা মুর্শিদাবাদ (পঃ বঙ্গ)

আমি, শ্রীবিনয়কুমার পণ্ডিত, এতদ্দ্বারা ঘোষণা করিতেছি যে উপরোক্ত বিবরণসমূহ আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য।

তারিখ — স্বাঃ—শ্রীবিনয়কুমার পণ্ডিত,
রঘুনাথগঞ্জ, — প্রকাশক।
১লা মার্চ্চ, ১৯৬৭

## দৌড় প্রতিযোগিতা

আগামী ১২ই মার্চ্চ ১৯৬৭ সকাল ৭ ঘটিকায় রঘুনাথগঞ্জ রোড রেস এ্যাসোশিয়েসন এর উদ্যোগে ২য় বার্ষিক দুই মাইল রাস্তা দৌড় প্রতিযোগিতায় অংশ গ্রহণের শেষ দিন ১০ই মার্চ ১৯৬৭; এন্ট্রি ফি ৫০ পয়সা। বহিরাগত প্রতিযোগিগণের থাকিবার স্থানের ব্যবস্থা থাকিবে। বিস্তৃত বিবরণের জন্য খোঁজ করুন। শ্রীবিজনকুমার সেন (সচিব)

রঘুনাথগঞ্জ রোড রেস এ্যাসোশিয়েশন
পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ

## নোটিশ
## মুর্শিদাবাদ কো-অপারেটিভ ল্যাণ্ড মর্গেজ ব্যাঙ্ক লিঃ, বহরমপুর

এতদ্দ্বারা সকল স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তিগণকে নোটিশ দেওয়া যাইতেছে যে নিম্নে উল্লিখিত ব্যক্তিগণ মুর্শিদাবাদ জেলায় অবস্থিত নিম্নতপশীল বর্ণিত জমি মুর্শিদাবাদ কো-অপারেটিভ ল্যাণ্ড মর্গেজ ব্যাঙ্কে বন্ধক দিয়া দীর্ঘ মেয়াদী ঋণের জন্য দরখাস্ত করিয়াছেন। এই বিষয়ে যদি কাহারও কোন আপত্তি থাকে তবে ১৫ই মার্চ্চ, ১৯৬৭ তারিখের মধ্যে যে কোন দিন অফিস কার্য্যকালে নিম্নস্বাক্ষরকারীর সহিত উপরে উল্লিখিত অফিসে সাক্ষাৎ করিয়া তাঁহাদের আপত্তির বিষয় অবগত করাইবেন।

যে সকল জমি বন্ধক দেওয়ার প্রস্তাব হইয়াছে তাহার বিবরণ:

দরখাস্তকারীর নাম ও ঠিকানা এবং প্রার্থিত কর্জ্জের পরিমাণ—শ্রীনির্ম্মল মাঝি পিতা ৺ক্ষুদিরাম মাঝি গ্রাম বৈদপুর, পোঃ সনকর, থানা রঘুনাথগঞ্জ প্রার্থিত কর্জ্জ ১৪০০৲ থানা রঘুনাথগঞ্জ পরগণা গোয়াস তৌজি নং ৫২৩ রেঃ সার্ভে নং ১২৭ মৌজা কাটনাই খতিয়ান নং (হাল) ৬১ সম্পূর্ণ দাগ নং সমূহ (হাল) ১৩২ ১৪৯, ১৭৮, ১৮৩, ১৮৪, ২৯১, ৩০২, ৩০৫, ৩০৯, ৩২৬, ২৯৬ পরিমাণ ৬·৬০ দেয় খাজনা ১৫=৯৮ খতিয়ানে উল্লিখিত মালিকের নাম—নির্ম্মল মাঝি।

দরখাস্তকারীর নাম ও ঠিকানা এবং প্রার্থিত কর্জ্জের পরিমাণ—শ্রীমকবুল সেখ ওরফে সেখ মকবুল হোসেন পিঃ ৺খোসবর সেখ গ্রাম রোখারা, পোঃ ধনপৎগঞ্জ থানা সাগরদীঘি প্রার্থিত কর্জ্জ ১২০০৲ থানা সাগরদীঘি পরগণা কোঙরপ্রতাপ তৌজি নং ১১৫২ বীরভূম, রেঃ সার্ভে নং ১৯৮ মৌজা সূর্য্যপুর খতিয়ান নং (হাল) ২৫ সম্পূর্ণ দাগ নং সমূহ (হাল) ৩৩৯, ৩৭১ পরিমাণ ৩·২১ দেয় খাজনা ১৫=৭৫ খতিয়ানে উল্লিখিত মালিকের নাম—সেখ মকবুল হোসেন, সেখ আবদুর রসিদ, সেখ কোরবান আলি সেখ একরাম আলি, সেখ আবদুল রেজ্জাক।

মুর্শিদাবাদ কো-অপারেটিভ ল্যাণ্ড মর্গেজ ব্যাঙ্কের ম্যানেজিং কমিটির পক্ষে—

স্বাঃ/- সত্যবন্ধু ভৌমিক,
৬-২-৬৭ ম্যানেজার।





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম
কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে
সি, কে, সেনের নাম সবাই
জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে
হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে
ভুলবেন না। সি, কে, সেনের আমলা
তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

অম্বলের যম **আরকানা** অম্বলের যম

অম্লশূল, পিত্তশূল, টক-বমি, অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, লিভার ব্যথা ও যাবতীয় পেটবেদনায় আশু ফলপ্রদ সকল সম্ভ্রান্ত ঔষধালয়ে পাইবেন।

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ,
ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত
যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ,
গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ,
কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-
অপারেটিভ রুরাল সোসাইটী,
ব্যাঙ্কের যাবতীয় ফরম ও
রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে
ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩০০

সব রকমের মোটর গাড়ীর স্পেয়ার পার্টস
পেতে হলে একবার জঙ্গীপুর রোড বার্ম্মা শেল
পেট্রোল পাম্প সন্নিকটবর্ত্তী

## চৌধুরী মোটরস্-এ

আসুন।

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ·৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। প্রতিবার প্রতি সেন্টিমিটার ১·০০ এক টাকা। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)